কৃষিই সমৃদ্ধি

# বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর

# Bangladesh Rice Research Institute, Gazipur

**Phone:** PABX-880-2-49272005-9, 49272010-38, 49272056, **Fax**: 880-2-49272000
**E-mail:** dg@brri.gov.bd; brrihq@yahoo.com; **Website:** www.brri.gov.bd; www.knowledgebank-brri.org

বুলেটিন নং-আমন/২৫-০০৪ তারিখঃ ১৮/০৮/২০২৫

## আমন ধান চাষাবাদে করণীয় (১৮-২৪ আগস্ট, ২০২৫)

**আগাম কুশি (Early Tillering) ও মধ্য কুশি (Mid Tillering) পর্যায়:**

- আগাম কুশি পর্যায়ে প্রথম কিস্তি (বিঘা প্রতি ৮-৯ কেজি) ইউরিয়া সার চারা রোপণের ১০-১৫ দিন পরে, মধ্যম কুশি অবস্থায় দ্বিতীয় কিস্তি ইউরিয়া সার (বিঘা প্রতি ৮-৯ কেজি) ২৫-৩০ দিন পরে প্রয়োগ করতে হবে।
  ** টিএসপি সারের পরিবর্তে ডিএপি সার প্রয়োগ করলে প্রতি কেজি ডিএপি সারের জন্য ৪০০ গ্রাম ইউরিয়া কম প্রয়োগ করতে হবে
- বৃষ্টির পূর্বাভাস পর্যবেক্ষণ করে প্রয়োজন অনুযায়ী সেচ দেয়া যেতে পারে।
  - ✓ অতিরিক্ত পানি নিষ্কাশনের ব্যবস্থা রাখতে হবে।
  - ✓ কুশি বৃদ্ধির সময় জমিতে ৩-৫ সেমি এর বেশি পানি রাখা উচিত নয়।
- ধান গাছের এ পর্যায়ে আবহাওয়ার বিদ্যমান অবস্থায় কোনো কোনো জায়গায় বাকানি, খোলপোড়া এবং পাতাব্লাস্ট রোগের লক্ষণ দেখা যেতে পারে।
  - ✓ স্পষ্টভাবে বাকানি রোগের লক্ষণ প্রকাশ পাওয়ার পর আক্রান্ত কুশি গুলো ভেঙে দিতে হবে।
  - ✓ খোলপোড়া রোগের জন্য জমি শুকিয়ে দিয়ে বিঘা প্রতি ৫কেজি অতিরিক্ত পটাশ সার প্রয়োগ করতে হবে।
  - ✓ ব্লাস্ট সংবেদনশীল ধানে পাতাব্লাস্ট রোগ দেখা দিতে পারে। সেক্ষেত্রে রোগ দেখা দেওয়ার পর বিকাল বেলা ট্রুপার (৮ গ্রাম/১০লি পানি) অথবা নেটিভো (৬ গ্রাম/১০লি পানি) ৫ শতাংশ জমিতে ১ সপ্তাহ ব্যবধানে দু বার স্প্রে করতে হবে।
- রোপণকৃত ধানে মাজরা পোকার আক্রমণ হতে পারে। মাজরা পোকা দমনের জন্য জমিতে ডালপালা পুতে দিন। ডিমের গাদা সংগ্রহ করে ধ্বংস করে ফেলতে হবে। শতকরা ১০-১৫ মরাডিগ দেখা গেলে সিস্টেমিক কীটনাশক ভিরতাকো ৪০WG অথবা ভায়েগো ২০ SG পরিমিত মাত্রায় জমিতে প্রয়োগ করতে হবে।

**তৈরি ও প্রচারে:** ব্রি এগ্রোমেট ল্যাব

**যোগাযোগ করুন:** উপজেলা কৃষি অফিস / উপসহকারী কৃষি কর্মকর্তা

☎ **ব্রি হেল্পলাইন:** ০৯৬৪৪৩০০৩০০